

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী

প্রস্তুতকারক:
মোঃ ময়নুল ইসলাম (মণি)
সহকারী শিক্ষক, গণিত

বিষয়: গণিত শ্রেণি: ৬ষ্ঠ
অর্ধ-বার্ষিক পরীক্ষার জন্য সৃজনশীল নমুনা প্রশ্ন:
ক-বিভাগ (পাটিগণিত)

- ১। প্রিজম ময়নুল স্যারের নিকট জানতে পারল ৮, ০, ৭, ৫, ৩, ৪ অঙ্কগুলোর মধ্যে ৮, ৭, ৫, ৩, ৪ অঙ্কগুলো হলো সার্থক অঙ্ক।
ক) অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যা গঠন কর। উত্তর: ৮৭৫৪৩০; ৩০৪৫৭৮
খ) সার্থক অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার যোগফল কী ৩ দ্বারা বিভাজ্য? উত্তর: ৩ দ্বারা বিভাজ্য নয়
গ) অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম ও ক্ষুদ্রতম দুইটির স্থানীয় মান লিখ। উত্তর: নিজে কর

- ২। ময়নুল স্যার একদিন ক্লাশে বোর্ডে ১২, ১৫, ২০, ৩৫, ৬০ ও ৭৫ সংখ্যাগুলো লিখলেন।

(ক) ২৪ ও ৩৬ এর সাধারণ গুণনীয়কগুলো লেখ।

(খ) চার অঙ্কের কোন ক্ষুদ্রতম সংখ্যা প্রথম চারটি সংখ্যা দ্বারা নিঃশেষে বিভাজ্য? উত্তর: ১২৬০

(গ) পাঁচ অঙ্কের কোন বৃহত্তম সংখ্যাকে প্রদত্ত সংখ্যা দিয়ে ভাগ করলে প্রত্যেক বার ভাগশেষ ১০ হবে? উত্তর: ৯৮৭১০

- ৩। জারিফ ও জাওয়াদকে এক অঙ্কের ছয়টি সংখ্যা লিখতে বলায় যে ২, ০, ৩, ৮, ৭ ও ৪ লিখলো। জারিফ জাওয়াদকে ৪৭৫□২ লিখে বললো এমন কিছু অংক যা □ চিহ্নিত স্থানে বসালে প্রতিক্ষেত্রে গঠিত সংখ্যা ৩ দ্বারা বিভাজ্য হয়।

(ক) জাওয়াদের লেখা সংখ্যাগুলো থেকে মৌলিক সংখ্যাগুলো আলাদা করে সংখ্যাগুলোর মৌলিক হওয়ার কারণ লিখ।

উত্তর: ২, ৩, ৭ মৌলিক কারণ এদের গুণনীয়ক ১ এবং ঐ সংখ্যা

(খ) দেখাও যে জাওয়াদের লেখা অঙ্কগুলো দ্বারা গঠিত বৃহত্তম ও ক্ষুদ্রতম সংখ্যার বিয়োগফল ৯ দ্বারা বিভাজ্য।

(গ) □ চিহ্নিত স্থানে কোন কোন অংক ব ব তা নির্ণয় কর? উত্তর: ০, ৩, ৬, ৯

- ৪।
- | | | |
|--------------|---------------|----------------|
| ১৫৯
টি আম | ২২৭
টি জাম | ৪০১
টি লিচু |
| ১ম ঝড়ি | ২য় ঝড়ি | ৩য় ঝড়ি |

(ক) ১৫৯ এর গুণনীয়ক গুলো নির্ণয় করে মৌলিক গুণনীয়ক গুলো আলাদা কর।

উত্তর: ১৫৯ এর গুণনীয়ক গুলো হলো: ১, ৩, ৫৩ ও ১৫৯ এবং মৌলিক গুণনীয়ক গুলো হলো: ৩ এবং ৫৩

(খ) যদি ৯ টি আম, ৭টি জাম, ১টি লিচু পচে যায় তবে অবশিষ্ট ফলের সংখ্যার ল.সা.গু ইউক্লিডীয় পদ্ধতিতে নির্ণয় কর। উত্তর: ১৩২০০

(গ) সর্বাধিক কত জন বালকের মধ্যে ফলগুলো সমান ভাবে ভাগ করে দিলে ৩টি আম, ৬টি জাম ও ১১টি লিচু অবশিষ্ট থাকবে?

উত্তর: ১৩

- ৫। তোমার বাসার একটি পানি ভর্তি বালতির ওজন $১৬\frac{১}{২}$ কেজি। বালতিটির $\frac{১}{৪}$ অংশ পানি ভর্তি থাকলে তার ওজন $৫\frac{১}{৪}$ কেজি হয়।

(ক) $২\frac{২}{৭} \times ৩\frac{২}{৫} =$ কত? উত্তর: $\frac{২৭২}{৩৫}$ বা $৭\frac{২৭}{৩৫}$

(খ) বালতির $\frac{৩}{৪}$ অংশ পানির ওজন কত? উত্তর: $\frac{৪৫}{৪}$ কেজি

(গ) খালি বালতির ওজন কত? উত্তর: $১\frac{১}{২}$ কেজি

মোঃ ময়নুল ইসলাম (মণি)

সহকারী শিক্ষক (গণিত)

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী

মোবা: ০১৭১৭৩২৯৯০৩

- ৬। $\frac{৩}{৫} \left[৪ - \frac{১}{৪} \left\{ ৪ - \frac{২}{৫} \left(৪ - \frac{১}{২} - \frac{১}{৬} \right) \right\} \right]$ এবং $১\frac{৫}{৬} + ৭\frac{১}{৩} - \left[১\frac{৩}{৪} + \left\{ ৩\frac{২}{৩} - \left(৬\frac{১}{২} - ২\frac{১}{৩} \right) \right\} \right]$ এই

সরলীকরণে ময়নুল স্যার ক্লাশে 'BODMAS' পদ্ধতি প্রয়োগ করলেন।

(ক) 'BODMAS' এর ব্যাখ্যা দাও।

(খ) ময়নুল স্যারের ১ম রাশিটিকে সরল কর। উত্তর: ২

(গ) ময়নুল স্যারের ২য় রাশিটিকে সরল কর। উত্তর: $৭\frac{১}{২}$

- ৭। আব্দুর রহমান তাঁর সম্পত্তির ০.১২৫ অংশ স্ত্রীকে দান করলেন। বাকি সম্পত্তির ০.৫০ অংশ পুত্রকে ও ০.২৫ অংশ কন্যাকে দিলেন। তাঁর অবশিষ্ট সম্পত্তির মূল্য ৩১৫০০০ টাকা।

(ক) মোট সম্পত্তি 'ক' হলে, বাকী সম্পত্তি নির্ণয় কর। উত্তর: $\frac{৭ক}{৮}$ অংশ

(খ) মোট সম্পত্তির মূল নির্ণয় কর। উত্তর: ১৪৪০০০০ টাকা

- (গ) স্ত্রী, পুত্র ও কন্যা প্রত্যেকে কত টাকার সম্পত্তি পেল? **উত্তর:** স্ত্রী ১৮০০০০ টাকা, পুত্র ৬৩০০০০ টাকা, কন্যা ৩১৫০০০ টাকা
- ৮। ৩০ মিটার লম্বা বাঁশের ৮ $\frac{২}{২৫}$ মিটার লাল ও ৯ $\frac{৪}{২৫}$ মিটার সবুজ রং করা বাকিটুকু হলুদ রং করা।
- (ক) হলুদ রং করা অংশের পরিমাণ কত? **উত্তর:** $১২ \frac{১৯}{২৫}$
- (খ) বাঁশটির লাল, সবুজ ও হলুদ রং করতে মিটার প্রতি যথাক্রমে ১৫, ১০, ও ৫ টাকা খরচ হলে, কোন রং এ বেশি টাকা খরচ হবে। **উত্তর:** লাল রং খরচ বেশি ১২১.২ টাকা
- (গ) সম্পূর্ণ বাঁশটির অর্ধেক লাল ও অর্ধেক সবুজ রং করতে মোট কত খরচ হবে। **উত্তর:** ৩৭৫ টাকা
- ৯। নাফিউ অতিক্রান্ত মোট পথের $\frac{৩}{১০}$ অংশ রিক্রায়, $\frac{২}{৫}$ অংশ সাইকেলে, $\frac{১}{৫}$ অংশ হেঁটে এবং অবশিষ্ট ২ কিলোমিটার পথ ঘোড়ার গাড়িতে গেল। রিক্রায় এবং সাইকেলে প্রতি কিলোমিটার পথ যেতে গড়ে ৫ মিনিট সময় লাগে।
- ক) $\frac{৩}{১০}$, $\frac{২}{৫}$ ও $\frac{১}{৫}$ কে মানের উর্ধ্বক্রমে সাজাও। **উত্তর:** $\frac{১}{৫} < \frac{৩}{১০} < \frac{২}{৫}$
- খ) অতিক্রান্ত মোট পথের দূরত্ব নির্ণয় কর। **উত্তর:** ২০ কিলোমিটার
- গ) নাফিউ রিক্রায় ও সাইকেলে মোট কত সময় ব্যয় করে? **উত্তর:** ৭০ মিনিট বা ১ ঘন্টা ১০ মিনিট।
- ১০। এক কৃষক তাঁর ২৫০ শতাংশ জমির $\frac{৩}{৮}$ অংশ জমিতে ধান এবং $\frac{৫}{১২}$ অংশ জমিতে সবজি চাষ করলেন এবং বাকি জমি পতিত রাখলেন।
- (ক) পতিত জমির পরিমাণ বের কর। **উত্তর:** $\frac{৬২৫}{১২}$ শতাংশ
- (খ) সবজির বিক্রয়মূল্যের চেয়ে ধানের বিক্রয়মূল্য ২৪০০ টাকা কম হলে, মোট কত টাকার সবজি বিক্রি করেছিলেন। **উত্তর:** ২৪০০০ টাকা
- (গ) সম্পূর্ণ জমিতে ধান চাষ করলে তিনি কত টাকার ধান বিক্রি করতে পারবেন? **উত্তর:** ৫৭৬০০ টাকা

খ-বিভাগ (বীজগণিত)

- ১। $-5, -6, 9, 10$ চারটি সংখ্যা।
- (ক) প্রথম ও দ্বিতীয় সংখ্যার যোগাত্মক বিপরীত সংখ্যাটি লেখ। **Ans:** 5, 6
- (খ) প্রথম ও দ্বিতীয় সংখ্যার পরম মান নির্ণয় করে যোগফল ও বিয়োগফল নির্ণয় কর। **Ans:** 11; -1
- (গ) সংখ্যা গুলোকে সংখ্যারেখায় দেখাও এবং তাদের যোগফল নির্ণয় কর। **Ans:** সংখ্যারেখা নিজে কর, 8
- ২। $\leftarrow \begin{array}{cccccccc} | & | & | & | & | & | & | & | \\ -4 & -3 & -2 & -1 & 0 & 1 & 2 & 3 & 4 \end{array} \rightarrow$
- (ক) -4 ও 3 এর যোগাত্মক বিপরীত সংখ্যা লেখ। **Ans:** 4, -3
- (খ) $-(-5) - 7 + (-9) - (-3)$ এর মান নির্ণয় কর। **Ans:** -8
- (গ) $-3 + 5$ এর মান সংখ্যারেখা ব্যবহার করে নির্ণয় কর। **Ans:** 2
- ৩। একটি খাতার দাম x টাকা, একটি কলমের দাম y টাকা এবং একটি পেন্সিলের দাম z টাকা হলে,
- (ক) 3টি খাতা ও 2টি কলমের মোট দাম কত? **Ans:** $3x + 2y$
- (খ) 7টি খাতা ও 9টি কলমের মোট দাম থেকে 11টি পেন্সিলের দাম বাদ দিলে কত হবে বীজগণিতীয় রাশির মাধ্যমে প্রকাশ কর। **Ans:** $7x + 9y - 11z$
- (গ) 'খ' থেকে প্রাপ্ত রাশিতে $x = 20, y = 5$ এবং $z = 8$ বসিয়ে মান নির্ণয় কর। **Ans:** 97
- ৪। $A = (+30) + (-23) + (-63) + (+55)$ ও $B = (-50) + (-200) + 300$ দুইটি সংখ্যা।
- (ক) $-8 + (-10)$ এর যোগফল কত? **Ans:** -18
- (খ) A এর মান নির্ণয় কর। **Ans:** -1
- (গ) A ও B এর যোগফল নির্ণয় কর। **Ans:** 49
- ৫। $-13, -6, -2, 3, 11$ কয়েকটি বাস্তব সংখ্যা।
- (ক) সংখ্যাগুলোর মধ্যে কোনটি ছোট ও কোনটি বড় তা নির্ণয় কর। **Ans:** 11, -13
- (খ) সংখ্যাগুলোর যোগফল নির্ণয় কর। **Ans:** -7
- (গ) সংখ্যারেখার সাহায্যে প্রথম ও শেষ সংখ্যার যোগফল নির্ণয় কর। **Ans:** নিজে কর
- ৬। $(-7) + (+9)$ একটি রাশি।
- (ক) -7 ও $+9$ যোগাত্মক বিপরীত সংখ্যা লিখ। **Ans:** 7, -9
- (খ) -7 এর সাথে $+9$ এর যোগাত্মক বিপরীত রাশির যোগফল সংখ্যারেখায় সাহায্যে নির্ণয় কর। **Ans:** নিজে কর

(গ) $4 + (-2) + 8$ রাশিটির সাথে উদ্দীপকের রাশিটি যোগ করে তা থেকে 15 বিয়োগ কর। *Ans*:-5

৭। $(x + y)^3$ এবং $x^3 + 3x^2y + 3xy^2 + y^3$ দুইটি বীজগণিতিক রাশি।

(ক) দ্বিতীয় রাশিতে x ও y এর সর্বোচ্চ ঘাত কত? *Ans* : 3

(খ) $x = 2$ এবং $y = 1$ হলে প্রথম রাশির মান নির্ণয় কর। *Ans* : 27

(গ) যদি $x = 1$ এবং $y = 2$ হয়, তবে দেখাও যে, উপরোক্ত রাশি দুইটির মান একই।

৮। $4x^2 - 3y + 7z$, $8x^2 + 5y - 3z$, $y + 2z$ তিনটি বীজগণিতীয় রাশি।

(ক) ২য় রাশিতে পদের সংখ্যা কয়টি ও কী কী? *Ans* : 3টি; $8x^2$, $5y$, $-3z$

(খ) রাশি তিনটির যোগফল নির্ণয় কর। *Ans* : $12x^2 + 3y + 6z$

(গ) ১ম রাশি ও ২য় রাশির সাথে $-10x^2 - 2y + 13z$ রাশির যোগফল নির্ণয় কর। *Ans* : $2x^2 + 17z$

৯। $P = 7a^2 - 3ab + 5b^2$, $Q = ab - a^2$, $R = -b^2 - 5a^2 - 4ab$

(ক) P-এ a^2 , ab ও b^2 এর সংখ্যিক সহগ গুলোর যোগফল কত? *Ans* : 9

(খ) P, Q ও R এর যোগফল নির্ণয় কর। *Ans* : $a^2 - 6ab + 4b^2$

(গ) $a = -1$ ও $b = 2$ হলে, $P + Q$ এর মান নির্ণয় কর। *Ans* : 30

১০। $A = 5a + 7b + 9c$, $B = b - 3a - 4c$, $C = c - 2b + a$

$D = 3x^2 + xy + 5y^2$, $E = x^2 - 5xy$, $F = y^2 + x^2 + 5xy$

(ক) $a = 1$, $b = 2$, $c = 3$ হলে $a^2 + b^2 + c^2$ এর মান নির্ণয় কর। *Ans* : 14

(খ) দেখাও যে, $A + B + C = 3(a + 2b + 2c)$

(গ) D, E ও F এর যোগফল নির্ণয় কর এবং যোগফলের এর সহগ কত? *Ans* : $5x^2 + xy + 6y^2$, 1

গ-বিভাগ (জ্যামিতি)


১। AB ও CD রেখাদ্বয় পরস্পর O বিন্দুতে মিলিত হয়েছে।

(ক) প্রদত্ত তথ্যের ভিত্তিতে একটি চিত্র আঁক।

(খ) প্রমাণ কর যে, $\angle AOC = \angle BOD$ এবং $\angle BOC = \angle AOD$

(গ) OE ও OF যথাক্রমে $\angle AOD$ ও $\angle COB$ সমদ্বিখন্ডক হলে, প্রমাণ কর যে, OE ও OF একই সরলরেখায় অবস্থিত।

২।




চিত্রে AB সরলরেখার O বিন্দুতে OC রশ্মির প্রান্তবিন্দু মিলিত হয়েছে।

(ক) রেখা ও রশ্মির মধ্যে দুটি পার্থক্য লিখ।

(খ) প্রমাণ কর যে, $\angle AOC + \angle BOC = 2$ সমকোণ।

(গ) CO কে D পর্যন্ত বর্ধিত কর এবং প্রমাণ কর যে, $\angle AOC = \angle BOD$

৩।




চিত্রে $PQ \parallel RS$, $\angle ACP = 150^\circ$ এবং $\angle ACE = 60^\circ$

(ক) $\angle ACP$ এর বিপ্রতীপ কোণ ও সন্নিহিত কোণ কোনটি?

(খ) প্রমাণ কর যে, $\angle ACP = \angle BCQ$

(গ) চিত্র হতে $\angle x$ ও $\angle y$ এর মান নির্ণয় কর।

৪।



AB ও CD রেখাদ্বয় পরস্পর সমান্তরাল এবং LM এদের ছেদক

মোঃ ময়নুল ইসলাম (মণি)

সহকারী শিক্ষক (গণিত)

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী

মোবা: ০১৭১৭৩২৯৯০৩


এবং PQ সরলরেখার O বিন্দুতে OR, ON ও OS রশ্মি মিলিত হয়েছে।

(ক) E ও F যেকোনো দুটি বিন্দু নিয়ে একটি সরলরেখা আঁক।

(খ) d কোণের মান নির্ণয় কর।

(গ) প্রমাণ কর যে, $\angle x + \angle y = 90^\circ$

৫।



চিত্রে AB ও CD রেখাদ্বয় পরস্পর সমান্তরাল এবং $\angle e = 60^\circ$

(ক) a এবং d এর মান নির্ণয় কর।

(খ) দেখাও যে, $\angle b + \angle d + \angle c + \angle a = 360^\circ$

(গ) চিত্র থেকে প্রাপ্ত স্কলকোণটি আঁক।

৬। AB একটি নির্দিষ্ট রেখাংশ। যার দৈর্ঘ্য 9 সেমি।

(ক) 9 সেমি দৈর্ঘ্যের AB রেখাংশ আঁক।

(খ) রেখাংশটিকে সমদ্বিখন্ডিত কর। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক)

(গ) রেখাংশটির যেকোন বিন্দুতে লম্ব আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক)

৭। একটি নির্দিষ্ট রেখাংশ AB এর বহিঃস্থ একটি বিন্দু D ।

(ক) রেখা ও রেখাংশের মধ্যে দুইটি পার্থক্য লিখ।

(খ) চাঁদা ব্যবহার না করে A বিন্দুতে AE লম্ব আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক)

(গ) চাঁদা ব্যবহার না করে D হতে AB এর উপরে DF লম্ব আঁক। (অঙ্কনের চিহ্ন ও বিবরণ আবশ্যিক)

ঘ-বিভাগ (পরিসংখ্যান)

১। ৬ষ্ঠ শ্রেণির ২০ জন ছাত্রছাত্রীর গণিতে প্রাপ্ত নম্বর হলো :

৩০, ৪০, ৩৫, ৫০, ৬০, ৭০, ৬৫, ৭৫, ৬০, ৭০, ৬০, ৩০, ৪০, ৮০, ৭৫, ৯০, ১০০, ৯৫, ৯০, ৮৫।

(ক) উপাত্তগুলোকে বিন্যস্ত কর।

(খ) উপাত্তগুলোর গড় নির্ণয় কর। উত্তর: ৬৫

(গ) উপাত্তগুলোর মধ্যক ও প্রচুরক নির্ণয় কর। উত্তর: মধ্যক ৬৭.৫ এবং প্রচুরক ৬০

২। ৬ষ্ঠ শ্রেণির ২০ জন শিক্ষার্থীর বিজ্ঞানের নম্বর দেওয়া হলো:

৭৫, ৬০, ৭২, ৬০, ৮০, ৭৮, ৯০, ৭৫, ৮০, ৯২, ৮০, ৯০, ৯৫, ৯০, ৮৫, ৯০, ৭৮, ৭৫, ৯০, ৮৫।

(ক) বিন্যস্ত ও অবিন্যস্ত উপাত্ত বলতে কি বুঝ?

(খ) উপাত্তগুলোর গড় নির্ণয় কর। উত্তর: ৮১

(গ) উপাত্তগুলোর মধ্যক ও প্রচুরক নির্ণয় কর। উত্তর: মধ্যক ৮০ এবং প্রচুরক ৯০

৩। জয়পুর ডাঙ্গাপাড়া উচ্চ বিদ্যালয়ের ৬ষ্ঠ শ্রেণির অর্ধ-বার্ষিক পরীক্ষার ২০ জন শিক্ষার্থীর গণিত বিষয়ের প্রাপ্ত নম্বর দেওয়া হলো:

৮০, ৫৫, ৭২, ৭৫, ৪৫, ৬০, ৬৫, ৭০, ৫০, ৭৫, ৪০, ৪৫, ৫৫, ৬০, ৭০, ৭৫, ৫০, ৬০, ৪৫, ৫০।

(ক) উপাত্তগুলোকে উর্ধ্বক্রম অনুসারে সাজাও।

(খ) উপাত্তগুলোর মধ্যক নির্ণয় কর। উত্তর: মধ্যক ৬০

(গ) উপাত্তগুলোর গড় নির্ণয় কর। উত্তর: ৫৯.৮৫

৪। ২০১৬ সালের এপ্রিল মাসের দশ দিনের তাপমাত্রা ডিগ্রীতে: ৩৫, ৩৪, ৩৩, ৩৭, ৩৪, ৩৭, ৩৮, ৩৬, ৩৭, ৩৫।

(ক) উপাত্ত কী ?

(খ) উপাত্তগুলোর মধ্যক নির্ণয় কর। উত্তর: মধ্যক ৩৫.৫

(গ) প্রচুরক ও মধ্যক এর মধ্যে পার্থক্য কত? উত্তর: ১.৫

৫। ৬ষ্ঠ শ্রেণির ২০ জন শিক্ষার্থীর ওজন (কেজিতে) দেওয়া হলো:

৬২, ৬৪, ৪০, ৪২, ৬৫, ৩৮, ৪৯, ৩৯, ৪৭, ৪৩, ৪৫, ৪৬, ৪৮, ৪০, ৩৬, ৪৪, ৫৫, ৫২, ৫৭, ৬০।

(ক) উপাত্তসমূহের প্রচুরক কোনটি কেন? উত্তর: ৪০

(খ) উপরে বর্ণিত উপাত্তসমূহের মধ্যক নির্ণয় কর। উত্তর: ৪৬.৫

(গ) ৫ শ্রেণি ব্যবধান ধরে সারণি গঠন কর।

৬। রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ এর ৬ষ্ঠ শ্রেণির ২০ জন শিক্ষার্থীর ওজন (কেজিতে) দেওয়া হলো:

৫০, ৪০, ৪৫, ৪৭, ৫০, ৪২, ৪৪, ৪০, ৫০, ৫৫, ৪৪, ৫৫, ৫০, ৪৫, ৪০, ৪৫, ৪৭, ৫২, ৫৫, ৫৬।

(ক) উপাত্তগুলোকে বিন্যস্ত কর।

(খ) উপাত্তগুলোর মধ্যক নির্ণয় কর। উত্তর: মধ্যক ৪৭

(গ) উপাত্তগুলোর গড় নির্ণয় কর। উত্তর: ৪৭.৬

মোঃ ময়নুল ইসলাম (মণি)

সহকারী শিক্ষক (গণিত)

রাজশাহী সরকারি মডেল স্কুল এন্ড কলেজ, রাজশাহী

মোবা: ০১৭১৭৩২৯৯০৩